দৈনিক ইত্তেফাক

২৩/২/২০০০

তারিখ ঃ

# পরীক্ষায় নকল প্রতিরোধে শিক্ষক সমিতি ফেডারেশনের ১০ দফা প্রস্তাব

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষক সমিতি ফেডারেশন গত মঙ্গলবার এক সাংবাদিক সম্মেলনে বোর্ডের পরীক্ষায় নকল প্রতিরোধের লক্ষ্যে ১০ দফা প্রস্তাব উত্থাপন করিয়াছে। সাংবাদিক সম্মেলনে শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির উপর জোর দিয়া বলা হয়, ইংরেজী, বিজ্ঞান ও গণিত বিষয়ের ক্ষেত্রে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান জরুরী হইয়া পড়িয়াছে। সাংবাদিক সম্মেলনে [illegible] যোগী সংস্কার এবং (১৩শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## পরীক্ষায় নকল প্রতিরোধে

(৩য় পৃঃ পর)

জাতীয় পরীক্ষা নীতি প্রণয়নের আহ্বান জানান হয়। ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। সাংবাদিক সম্মেলনে পরীক্ষা বিষয়ক ২০ দফা প্রস্তাব উত্থাপন করা হয়। প্রস্তাবে বলা হয় ঃ শিক্ষকগণ নির্ধারিত সময়ের মধ্যে সিলেবাস সম্পন্ন করিবেন, ছাত্র-ছাত্রীদের ক্লাসে উপস্থিতি ন্যূনতম ৭৫% নিশ্চিত করিতে হইবে, শিক্ষকদের অব্যাহতভাবে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দিতে হইবে, ম্যানেজিং কমিটিতে রাজনৈতিক ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা চলিবে না ইত্যাদি। সাংবাদিক সম্মেলনে বলা হয়, শুধু আর্থিক সুবিধা আদায়ের জন্য সংগঠনের কর্মকাণ্ড ও আন্দোলন পরিচালনার বদলে প্রচলিত শিক্ষক আন্দোলনের ধার পরিবর্তন করিয়া ছাত্র-ছাত্রীদের যুগোপযোগী শিক্ষা দিয়া তাহাদের অভিভাবকদের শ্রম ও আর্থিক বিনিয়োগ সার্থক করিয়া তোলার লক্ষে উন্নত শিক্ষাদানে সক্ষম একটি প্রশিক্ষিত ও দক্ষ [illegible]